

## সার্ক প্রতিনিধি দলের বারি পরিদর্শন

### ■ গাজীপুর প্রতিনিধি

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) পরিদর্শন করেছে দক্ষিণ এশিয়ার ৮টি দেশ নিয়ে গঠিত আঞ্চলিক জোট সাউথ এশিয়ান অ্যাসোসিয়েশন ফর রিজিওনাল কোঅপারেশনের (সার্ক) ১১ সদস্যের একটি প্রতিনিধি দল। সার্ক এগ্রিকালচার সেন্টারের সিনিয়র প্রোগ্রাম স্পেশালিস্ট ড. প্রাদাউমনা রাজ পাওর নেতৃত্বে প্রতিনিধি দলে ভারত, পাকিস্তান, ভুটান, নেপাল, শ্রীলংকাসহ সিমিট ও সাউথ এশিয়া বায়োসেফটি প্রোগ্রামের প্রতিনিধিরা অংশ নেন।

অতিথিবৃন্দ বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের সদর দপ্তরে পৌঁছালে তাদের স্বাগত জানান ইনস্টিটিউটের পরিচালক (প্রশিক্ষণ ও যোগাযোগ) জেবুন নেছা ও অন্যান্য পরিচালক এবং বিভাগীয় প্রধানগণ।

সেমিনার কক্ষে অনুষ্ঠিত সংক্ষিপ্ত অনুষ্ঠানে মাল্টিমিডিয়া প্রদর্শনের মাধ্যমে ইনস্টিটিউটের বিভিন্ন কার্যক্রম, অগ্রগতি ও সাফল্য তুলে ধরেন উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্রের ফল বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. বাবল চন্দ্র সরকার। এ সময় উপস্থিত ছিলেন ইনস্টিটিউটের পরিচালক (গবেষণা) ড. মো. আব্দুল ওহাব, পরিচালক (সেবা ও সরবরাহ) ড. মদন গোপাল সাহা, পরিচালক (প্রশিক্ষণ ও যোগাযোগ) জেবুন নেছা, পরিচালক (উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র) ড. আবেদা খাতুনসহ বিভিন্ন বিভাগের উর্ধ্বতন বিজ্ঞানী ও কর্মকর্তাবৃন্দ।

